দৈনিক ইত্তেফাক

তারিখ 30 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে ছাত্রলীগের আনন্দ শোভাযাত্রা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ৭০তম জন্মদিন উপলক্ষে আনন্দ শোভাযাত্রা করেছে বাংলাদেশ ছাত্রলীগ। গতকাল বৃহস্পতিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে তারা এই শোভাযাত্রা বের করে বিশ্ববিদ্যালয়ের কলাভবন ঘুরে কেন্দ্রীয় লাইব্রেরির সামনে দিয়ে রাজু ভাস্কর্যের সামনে কিছুক্ষণ অবস্থান নেয়। পরে মধুর ক্যান্টিনে গিয়ে এটি শেষ হয়। এতে উপস্থিত ছিলেন ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাইফুর রহমান সোহাগ, সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন, ঢাবি সভাপতি আবিদ আল হাসান, সাধারণ সম্পাদক মোতাহার হোসেন প্রিন্সসহ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ।

উল্লেখ্য, ১৯৪৭ সালের ২৮ সেপ্টেম্বর গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কিন্তু সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের মৃত্যুর কারণে এদিনে আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনগুলো আনন্দ উৎসব কর্মসূচি স্থগিত করে।